

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ৫২৫

১/ বিবিধ

আরবী

ما عمل ابن آدم في هذا اليوم أفضل من دم يهراق، إلا أن تكون رحماً توصل
ضعيف

قال المنذري (2 / 102) : " رواه الطبراني في الكبير عن ابن عباس وفي إسناده يحيى بن الحسن الخشني لا يحضرنى حاله ". وأما الهيثمي فقال (4 / 18) : " هو ضعيف وقد وثقه جماعة ". كذا قال، ولم أجد له ذكراً في شيء من كتب الرجال التي عندي. والله أعلم

هذا ما كنت نشرته في " مجلة التمدن الإسلامي " الغراء، وأزيد الآن فأقول: ذكر السمعاني في مادة (الخشني) جمعا من الرواة منهم الحسن بن يحيى الخشني، وحكى اختلاف العلماء فيه، وهو من رجال " التهذيب وقال الحافظ في " التقريب " : " صدوق كثير الغلط

فلعله هو راوي هذا الحديث، لكن انقلب اسمه على بعض نساخ " الطبراني " فقال: " يحيى بن الحسن الخشني " فلم يعرفه المنذري، وعرفه الهيثمي، ولكنه فاته أن ينبه على انقلاب اسمه على الناسخ، والله أعلم. ثم راجعت " معجم الطبراني الكبير " فوجدت الحديث فيه (3 / 104 / 1) عن الحسن بن يحيى الخشني عن إسماعيل بن عياش عن ليث عن طاووس عن ابن عباس قال: قال رسول الله صلى الله عليه وسلم في يوم الأضحى.... فذكره. قلت: فتبين أنه هو الحسن بن يحيى الذي ذكره السمعاني وأنه انقلب اسمه على بعضهم. وازددت علماً بضعف الحديث حين رأيت فيه

إسماعيل بن عياش وليث وهو ابن أبي سليم فهو إسناده مسلسل بالضعفاء! . والحمد لله على توفيقه

বাংলা

৫২৫। রক্তের সম্পর্ক রক্ষা করা ব্যতীত আজকের এইদিনে আদম সন্তান যে সব আমল করে, সে সবার মধ্যে রক্ত প্রবাহিত করার চেয়ে উত্তম আর কোন আমল নেই।

হাদীছটি দুর্বল।

মুনযেরী (২/১০২) বলেনঃ হাদীছটি তাবারানী “মুজামুল কাবীর” গ্রন্থে ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন। তার সনদে ইয়াহইয়া ইবনুল হাসান আল-খুশানী রয়েছেন। তার অবস্থা আমার নিকট স্পষ্ট নয়। হায়ছামী “আল-মাজমা” (৪/১৮) গ্রন্থে বলেনঃ তিনি দুর্বল, যদিও তাকে একদল নির্ভরযোগ্য বলেছেন। তিনি যা বলেছেন তাই। কারণ আমার নিকট যে সব আসমায়ে রিজালের গ্রন্থ রয়েছে তার কোনটিতেই তাকে পাচ্ছি না। সাম’আনী যার কথা উল্লেখ করেছেন তিনি হচ্ছেন আল-হাসান ইবনু ইয়াহইয়া আল-খুশানী এবং তিনি তার সম্পর্কে আলেমদের মতভেদও উল্লেখ করেছেন। হাফিয ইবনু হাজার “আত-তাহযীব” গ্রন্থে তার সম্পর্কে বলেনঃ তিনি সত্যবাদী, বহু ভুলকারী। সম্ভবত তিনিই এ হাদীছের বর্ণনাকারী। কিন্তু তাবারানীর কোন কপিকারকের নিকট তা পরিবর্তিত হয়ে গেছে, সে সম্পর্কে মুনযেরী অবহিত হননি। অতঃপর আমি “আল-মুজামুল কাবীর” (৩/১০৪/১) গ্রন্থে পেয়েছি, হাদীছটি আইয়াশ হতে তিনি লাইছ হতে ... বর্ণনা করেছেন। এ কারণে আমি আলবানীর নিকট আলোচ্য হাদীছের বর্ণনাকারী হচ্ছেন আল-হাসান ইবনু ইয়াহইয়া আল-খুশানী। যেমনটি উল্লেখ করেছেন আস-সাম’আনী। এ সনদের বর্ণনাকারী ইসমাঈল এবং লাইছ ইবনু আবী সুলায়েমও দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71404>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন